

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৪৫.১৯.০৩৬৩.২৬-১৬২২

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩৩
২৪ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: উপজেলার হাট ও বাজারসমূহে ছাদভিত্তিক সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপন ও জাতীয় গ্রিডে সরবরাহকরণ।

- সূত্র: ১) বিদ্যুৎ বিভাগের স্মারক নং-২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০৭.২৬.৪৮; তারিখ: ০১ সেপ্টেম্বর, ২০২৬।
২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৭৪.২৬-৩৫২; তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২৬।
৩) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৪০১.২৬-১২০০; তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টেকসই জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে সরকার নবায়নযোগ্য জ্বালানির প্রসারে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে ব্যাটারিসহ ছাদভিত্তিক সৌর বিদ্যুৎ স্থাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের স্থানীয়, জেলা ও উপজেলা পর্যায়ে বিদ্যমান দাপ্তরিক মূল ভবন ও আওতাধীন ভবনসমূহে আবশ্যিকভাবে ন্যূনতম ২ ঘণ্টার ব্যাটারির ব্যাকআপসহ ছাদভিত্তিক সৌর বিদ্যুৎ স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। ছাদভিত্তিক সৌর বিদ্যুৎ স্থাপনের মাধ্যমে নিজস্ব চাহিদা মেটানোর পর উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রিডে নেট মিটারিং পদ্ধতিতে সরবরাহ করতে হবে। জাতীয় গ্রিডে সরবরাহকৃত বিদ্যুৎ নেট মিটারিং নির্দেশিকা, ২০২৫ অনুযায়ী প্রতি ইউনিট বিদ্যুৎ ১০.৫০ (দশ টাকা পঞ্চাশ পয়সা) হারে প্রাপ্য হবেন, যার মাধ্যমে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানের রাজস্ব আয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

০৩। উল্লেখ্য যে, এ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশের সকল উপজেলার প্রতিটি ইউনিয়নের হাট ও বাজারসমূহে হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এর বিধি ১০ এর (ঙ) ও (চ) নং উপবিধি মোতাবেক হাট ও বাজার হতে প্রাপ্ত ইজারালব্ধ আয়ের সংশ্লিষ্ট হাট ও বাজারের রক্ষণাবেক্ষণ বা উন্নয়নের জন্য নির্ধারিত শতকরা ১০ (দশ) ভাগ অর্থ ও উপজেলার অন্তর্গত হাট ও বাজারসমূহের রক্ষণাবেক্ষণ বা উন্নয়নের জন্য নির্ধারিত শতকরা ১০ (দশ) ভাগ অর্থ হতে উপজেলার সকল হাট ও বাজারসমূহে সৌর বিদ্যুতের ব্যবহার নিশ্চিত ও বাণিজ্যিকভাবে সম্প্রসারণ করতে হবে। এক্ষেত্রে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপনকারী কোম্পানির সাথে পরবর্তী ২০ বছর মেয়াদে ও রক্ষণাবেক্ষণের জন্যে ননজুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি করতে হবে। বিদ্যুৎ ব্যবস্থা আগামী ৩১ জানুয়ারি ২০২৭ এর মধ্যে আবশ্যিকভাবে স্থাপন করতে হবে।

০৪। এমতাবস্থায়, হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এর বিধি ১০ এর (ঙ) ও (চ) এর আলোকে হাট ও বাজার ইজারালব্ধ আয় হতে সকল উপজেলার প্রতিটি হাট ও বাজারের স্থায়ী শেডসমূহ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বিভিন্ন বাজারে নির্মিত ৪/৫ তলা বিশিষ্ট ভবনের নিজস্ব ছাদসমূহের আয়তন বিবেচনায় সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপন ও জাতীয় গ্রিডে সরবরাহকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-----পাতা।

২৪.০৯.২০২৬
সুলতানা আক্তার
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৫৫৭৬

ই-মেইল:lgadmin2@lgd.gov.bd

প্রশাসক, উপজেলা পরিষদ (সকল)-----উপজেলা-----জেলা।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা-----জেলা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, (সকল)-----বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল) -----বিভাগ।
- ৪। জেলা প্রশাসক, (সকল)-----জেলা।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার, (সকল)-----জেলা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (উপজেলা অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।